



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/২০১৮

তারিখ: ২৭ অক্টোবর, ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

আজ ২৭ অক্টোবর, ২০১৮ তারিখ সন্ধ্যায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেটের মিনি অডিটোরিয়াম বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নানকে সংবর্ধনা প্রদান করা হয়। ভারতের মেঘালয় বিশ্ববিদ্যালয় থেকে সম্মানসূচক ডি.লিট. ডিগ্রী লাভ করায় তাঁকে শাবিপ্রবির পক্ষ থেকে এ সংবর্ধনা প্রদান করা হয়। গত ২৬ অক্টোবর এ শিক্ষাবিদকে সম্মানসূচক ডিগ্রী প্রদান করা হয়।

সংবর্ধনা অনুষ্ঠানের শুরুতে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নানকে ফুলে দিয়ে স্বাগত জানান। পরে ভাইস চ্যান্সেলর মঞ্জুরী কমিশনের চেয়ারম্যানের হাতে শাবিপ্রবির পক্ষ থেকে সম্মাননা স্মারক তুলে দেন।

সংবর্ধনা অনুষ্ঠানে প্রফেসর আবদুল মান্নান বলেন, সকল ক্ষেত্রেই বাংলাদেশ আজ অনেক অগ্রসর। কারণ এদেশের মানুষের মধ্যে দেশপ্রেম আছে। দেশপ্রেম আছে বলেই এদেশের মানুষ ত্রিশ লাখ শহীদের রক্তের বিনিময়ে স্বাধীনতা অর্জন করতে পেরেছে। সুতরাং এদেশের মানুষকে দমিয়ে রাখা যাবে না। দেশ সামনে অগ্রসর হবেই।

তিনি বলেন, আমাদের বিশাল তরুণ প্রজন্ম রয়েছে। আমাদের দায়িত্ব হচ্ছে তাদেরকে জনসম্পদে রূপান্তরিত করা। এজন্য বিশ্ববিদ্যালয়গুলোকে ভূমিকা পালন করতে হবে।

ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নানকে অভিনন্দন জানিয়ে বলেন, তাঁর এ সম্মান সকলের। শাবিপ্রবি পবিবার তাঁর এ অর্জনে গর্বিত।

ব্যবসায় প্রশাসন বিভাগের প্রফেসর ড. মাজহারুল হাসান মজুমদারের সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. ইলিয়াস উদ্দীন বিশ্বাস, শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর সৈয়দ হাসানুজ্জান, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর মো. আবদুল গণি, ম্যানেজমেন্ট এন্ড বিজনেস এডমিনিস্ট্রেশন অনুষদের ডিন প্রফেসর ড. মোছাদ্দেক আহমেদ চৌধুরী, ফলিত বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. আবুল মুকিত মোহাম্মদ মোকাদ্দেস, প্রফেসর ড. কামাল আহমদ চৌধুরী, প্রফেসর ড. মো. সাজেদুল করিম, প্রফেসর ড. সৈয়দ সামসুল আলম, প্রফেসর ড. মো. কবির হোসেন, প্রফেসর ড. মো. আখতারুল ইসলাম, প্রফেসর ড. মোহাম্মদ ইউনুছ।